গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ

ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভূক্ত পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬-এ ২০২৪-২৫ শিক্ষাবর্ষে **PGD in Cyber Security** প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তি সংক্রান্তে তথ্যাবলী নিম্নে প্রদত্ত হলো ঃ-

১। ভর্তির যোগ্যতা:

পুলিশ পরিদর্শক এবং তদুর্ধ্ব পুলিশ কর্মকর্তাগণ যারা নিম্নোক্ত যেকোন শর্ত পূরণ করেন তারা যোগ্য বলে বিবেচিত হবেন-

ক) যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান হতে যেকোন বিষয়ে ৩ (তিন)/৪ (চার) বছরের স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা স্নাতকোত্তর ডিগ্রি।

খ) যাদের অনূন্য ২ (দুই) বছরের চাকরির অভিজ্ঞতা রয়েছে।

বিঃ দ্রঃ কম্পিউটার চালনায় যথাযথ দক্ষতা সম্পন্নদেরই শুধু মাত্র বিবেচনা করা হবে।

এই কোর্সটি শুধুমাত্র পুলিশ পরিদর্শক হতে তদুর্ধ্ব কর্মকর্তাদের জন্য।

২। আবেদনের নিয়ম:

পুলিশ স্টাফ কলেজের নির্ধারিত ফরমের মাধ্যমে আবেদন করতে হবে। পূরণকৃত আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হবে:

ক) এস.এস.সি/সমমান হতে স্নাতক (সম্মান)/মাস্টার্স পর্যন্ত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;

খ) জাতীয় বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীধারীদের মাইগ্রেশন সনদের মূল কপি;

গ) বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রীধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে সমতা নিরূপনের সনদপত্র;

ঘ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র;

ঙ) পুলিশ প্রার্থীদের পদমর্যাদার প্রমাণপত্র (আইডি, বিপি নম্বরসহ);

চ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রঙিন ছবি;

বিঃ দ্রঃ ১) প্রয়োজনীয় কাগজপত্র অসম্পূর্ণ থাকলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তির সময় অবশ্যই কলেজ কর্তৃপক্ষের নিকট মূল সনদ ও নম্বরপত্র প্রদর্শন করতে হবে। এতে ব্যর্থ হলে আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন। কলেজ কর্তৃপক্ষ সনদ ও নম্বরপত্রের সত্যতা সম্পর্কে নিশ্চিত হয়ে বিশ্ববিদ্যালয়ে কাগজপত্র দাখিল করবেন।

২) শিক্ষা জীবনের যে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী অথবা সমমানের সিজিপিএ প্রাপ্ত প্রার্থী ভর্তির অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে;

৩) চূড়ান্তভাবে নির্বাচিত আবেদনকারীদের জাতীয় বিশ্ববিদ্যালয় ব্যতিত অন্য কোন বিশ্ববিদ্যালয় হতে সর্বশেষ ডিগ্রীপ্রাপ্ত হলে অবশ্যই মাইগ্রেশন সার্টিফিকেট জমা দিতে হবে।

৪। ভর্তি সংক্রান্ত তথ্যাবলী নিম্নরূপ:

(ক) ভর্তির ফরম www.psc.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।

(খ) ভর্তি ফরম জমাদানের **শেষ সময় ৩০ জানুয়ারী ২০২৬** (বিকাল ৫টা পর্যন্ত)

বি: দ্র: নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই ভর্তি বিবরণী ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্ট শাখায় গ্রহণ করা হবে না। বিলম্বে ভর্তির কোন প্রকার আবেদন জাতীয় বিশ্ববিদ্যালয়ে গৃহীত হবে না।

৫। ভর্তিচ্ছু কর্মকর্তাদের জন্য করনীয়:

(ক) এএসপি ও তদুর্ধ কর্মকর্তাগণ পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ নির্ধারিত আবেদনপত্রের সাথে জনপ্রশাসন মন্ত্রনালয় কর্তৃক নির্ধারিত আবেদনের ছক (২০২৩ উচ্চাশিক্ষা নীতিমালা অনুশরণ করে) পূরণ করে স্ব স্ব ইউনিটের মাধ্যমে পুলিশ হেডকোয়ার্টার্স-এর এআইজি এডুকেশন স্পোর্টস এন্ড কালচার শাখায় প্রেরণ করবেন।

(খ) সকল ক্ষেত্রে অগ্রগামী কপি পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ-এ অবশ্যই জমা দিতে হবে।

কোর্সটির সময়কাল: ১০ মাস/০২ সেমিস্টার	**আবেদনের সময়কাল: ০১ জানুয়ারী হতে ৩০ জানুয়ারী ২০২৬ পর্যন্ত**
সর্বমোট ক্রেডিট: ৪০	**প্রাথমিক ফলাফল প্রকাশ: বাছাইকৃত আবেদনকারীদের এসএমএস এর মাধ্যমে ভর্তি পরীক্ষার তারিখ ও সময় জানানো হবে।**
ক্লাসের সময়: শুক্রবার ও শনিবার	**ক্লাস শুরুর তারিখ: মার্চ ২০২৬**

৬। যোগাযোগ:

যে কোন তথ্যের জন্য একাডেমিক সেকশন অফিস কক্ষ নম্বর-৪০৮, পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ, মিরপুর-১৪, ঢাকা-১২০৬। ফোন নম্বর-০১৩২০২১৬৩১৬ ই-মেইল- macpm.psc@gmail.com ওয়েবসাইট: www.psc.gov.bd

০১/০১/২০২৬

পরিচালক (একাডেমিক)
পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ